বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
আইন ডিভিশন
সিএমআরআরসি ডিপার্টমেন্ট
রেগুলেটরী সেকশন
www.sec.gov.bd

সূত্র নং- ৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৫৩.০৬.১১০ তারিখঃ ১৩ আগস্ট ২০২৬

## নির্দেশনা

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ এর বিধি ৪৩(৬)-এ মিউচ্যুয়াল ফান্ডের হেফাজতকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক হেফাজতকারি কোম্পানি হইতে মনোনীত স্বাক্ষরকারীগণ দ্বারা (signatory) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডের ব্যাংক হিসাব বা সিকিউরিটিজ হিসাব পরিচালনার বিষয়ে বিধান রহিয়াছে; এবং

যেহেতু, বিদেশী মালিকানাধীন ব্যাংকসমূহের স্থানীয় কার্যক্রম পরিচালনার সাংগঠনিক কাঠামো অনুসারে অনেক ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে পরিচালনা পর্ষদ (Board of Directors) বিদ্যমান থাকে না; এবং উক্ত পরিচালনা পর্ষদের পরিবর্তে "ব্যবস্থাপনা কমিটি (Management Committee) বা মনোনীত কর্মকর্তা" উক্ত ব্যাংকের কার্যক্রম পরিচালনা ও সিদ্ধান্ত গ্রহণের সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করিয়া থাকে; এবং

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ এর বিধি ৪৩(৬)-এর যথাযথ পরিপালন নিশ্চিত করা প্রয়োজন মনে করে;

অতএব, সেহেতু, Securities and Exchange Ordinance, ১৯৬৯ এর ধারা ২০A-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এতদ্বারা নির্দেশনা প্রদান করিতেছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০২৫ এর বিধি ৪৩(৬)-এর যথাযথ বাস্তবায়নের উদ্দেশ্যে প্রযোজ্য সকল ক্ষেত্রে বিদেশী মালিকানাধীন ব্যাংকের "ব্যবস্থাপনা কমিটি (Management Committee) বা মনোনীত কর্মকর্তা" উক্ত বিধির উদ্দেশ্য পূরণকল্পে পরিচালনা পর্ষদ (Board of Directors)-এর পক্ষে কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে

মাসুদ খান

চেয়ারম্যান।